# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 18-07-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

(১) উত্তর প্রদেশের গোন্ডায় চন্ডিগড়-ডিব্রুগড় এক্সপ্রেস দুর্ঘটনাগ্রস্ত/ রেল মন্ত্রণালয়ের এই দুর্ঘটনার উচ্চ পর্যায়ের তদন্তের নির্দেশ/

(২) দুর্ঘটনার পর উত্তর প্রদেশ সরকারের সঙ্গে যোগাযোগ রাখতে রাজ্যের সরাষ্ট্র বিভাগের আধিকারিককে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার নির্দেশ/

(৩) বরাক উপত্যকার তিনটি জেলায় প্রতি মাসে দুজন করে মন্ত্রী সফর করার জন্যে রাজ্য মন্ত্রীসভার বৈঠকে সিদ্ধান্ত গ্রহণ/

(৪) রাজ্যের বেশকয়েকটি জেলায় জাপানিজ এনকেফেলাইটিস রোগের প্রাদুর্ভাব/ এই পর্যন্ত এই রোগে আক্রান্ত হয়ে পাঁচজনের মৃত্যু/

এবং

(৫) ন্যায্যমূল্যের ব্যবসায়ীদের প্রাপ্য অর্থ না পাওয়ার বিষয়টি তদন্ত করতে রাজ্যের গণবন্টন ও সরবরাহ বিভাগের মন্ত্রী রঞ্জিত কুমার দাসের নির্দেশ/

--------------------------------------------------------------------------

উত্তর প্রদেশের গোণ্ডা স্টেশনের কাছে আজ ডিব্রুগড়-চন্ডিগড় এক্সপ্রেস ট্রেনটি দুর্ঘটনাগ্রস্ত হয়েছে । রেল সূত্রে জানানো হয়েছে যে- দুর্ঘটনার ফলে ট্রেনটির ছ'টি বগি লাইনচ্যুত হয় । এই দুর্ঘটনায় কমপক্ষে দুজন যাত্রী নিহত, একজন গুরুতর আহত এবং কুড়িজন আহত হয়েছেন । সূত্রটিতে আরো জানানো হয়েছে যে- লক্ষ্ণৌর থেকে উদ্ধারকারী দল ঘটনাস্থলে গিয়ে উদ্ধার অভিযান অব্যাহত রেখেছেন । রেল বিভাগের উচ্চপদস্থ আধিকারিক দুর্ঘটনাস্থলে গিয়ে উদ্ধারকার্য তদারকি করছেন । এই রেল দুর্ঘটনার ফলে বেশকয়েকটি ট্রেনের যাত্রা বাতিল করা হয়েছে। উল্লেখ্য- রেল মন্ত্রণালয় নিহতদের নিকটাত্মীয়দের দশলক্ষ টাকা করে এবং আহতদের আড়াই লক্ষ টাকা করে ও সামান্য আহতদের ৫০ হাজার টাকা করে ক্ষতিপূরণ প্রদানের কথা ঘোষণা করেছে । রেল মন্ত্রণালয় এই দুর্ঘটনার উচ্চ পর্যায়ের তদন্তের নির্দেশ দিয়েছে ।

এদিকে এই ট্রেন দুর্ঘটনার খবর পাওয়ার পর আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা রাজ্যের সরাষ্ট্র বিভাগের আধিকারিককে উত্তর প্রদেশ সরকারের সঙ্গে যোগাযোগ রাখার নির্দেশ দিয়েছেন । অন্যদিকে, উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ে যাত্রী এবং যাত্রীদের অভিভাবকদের সুবিধার জন্যে আসামের বেশকয়েকটি রেল স্টেশনের জন্য হেল্পলাইন নম্বর চালু করেছে।

---

বরাক উপত্যকার তিন জেলার উন্নয়নের প্রতি লক্ষ্য রেখে জেলাগুলিতে প্রতি মাসে দুজন করে মন্ত্রী তিনদিন থাকবেন বলে রাজ্য মন্ত্রীসভার বৈঠকে আজ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ।দিসপুরে অনুষ্ঠিত বৈঠকের শেষে এক সাংবাদিক সম্মেলনে মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া বলেন যে জেলাগুলির অভিভাবক মন্ত্রী সহ আরো দুজন মন্ত্রী বরাক উপত্যকায় থেকে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের পর্যালোচনা করবেন । প্রতি মাসে দুজন মন্ত্রী বরাক উপত্যকার তিন জেলা তিনদিন সফর করে বিভিন্ন বিভাগের কাজকর্মের খতিয়ান নেবেন বলে মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া জানান । বরাকের তিন জেলা সফর করা দুজন মন্ত্রী স্থানীয় বিধায়ক ,দল-সংগঠনের নেতার সঙ্গে বিভিন্ন বিষয়ে আলোচনায় মিলিত হবেন

এবং জেলা আয়ুক্ত এবং পুলিশ সুপারের সঙ্গে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করবেন বলেও তিনি জানান ।

---------------------------------------------------------------------------

রাজ্যের বেশকয়েকটি অঞ্চলে জাপানিজ এনকেফেলাইটিসের প্রাদুর্ভাব দেখা দিয়েছে । এই রোগে আক্রান্ত হয়ে ইতিমধ্যে ৫ জন লোকের মৃত্যু হওয়া সহ ১১ জন লোক চিকিৎসাধীন রয়েছেন । রাজ্যের ২৪ টি জেলায় ১৮৭ জন লোক এই রোগে আক্রান্ত হয়েছেন বলে জানা গেছে । অতিরিক্ত জ্বর ,গায়ের ব্যাথা ,জ্ঞান হারানো, শরীরে অস্বাভাবিক কাঁপুনী ইত্যাদি জাপানীজ এনকেফেলাইটিসের প্রধান লক্ষণ । তাৎক্ষণিক চিকিৎসার দ্বারা এই রোগ থেকে জীবন রক্ষা করা সম্ভব ।এই রোগ থেকে নিজেকে সুরক্ষিত রাখতে স্বাস্থ্য বিভাগ বেশ কয়েকটি পরামর্শ প্রদান করেছে । সে অনুসারে মশার কামড় থেকে রক্ষা করতে সকাল ও সন্ধ্যায় জল জমে থাকা এলাকায় যাওয়া যথাসম্ভব এড়িয়ে চলতে হবে ,সেইসঙ্গে হালকা রংয়ের এবং লম্বা হাতের কাপড় পরিধান করতে হবে ,শোবার সময় মশারী ব্যাবহার করতে হবে এবং মশা প্রতিরোধে কীটনাশক ছিটিয়ে দিতে হবে । এছাড়াও ঘরের আশে পাশে থাকা নালা নর্দমাগুলি পরিষ্কার রাখা ইত্যাদি পরামর্শ প্রদান করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

বিচারপতি নংমেইকপম কোটিশ্বর সিং এবং বিচারপতি আর মহাদেবন আজ সুপ্রীম কোর্টের বিচারপতি হিসেবে শপথগ্রহণ করেছেন । সুপ্রীম কোর্টের মূখ্য বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় উভয় বিচারপতিকে শপথগ্রহণ করান । উল্লেখ্য এর পূর্বে বিচারপতি নংমেইকপম কোটিশ্বর সিং জম্মু-কাশ্মীর ও লাদাখ হাইকোর্টের মূখ্য বিচারপতি হিসেবে কর্মরত ছিলেন এবং বিচারপতি আর মহাদেবন মাদ্রাজ হাইকোর্টের বিচারপতি হিসেবে নিযুক্ত ছিলেন ।

---------------------------------------------------------------------------

আসামের বন্যা পরিস্থিতির উন্নতি হওয়ার সঙ্গে সঙ্গে গোবাদি পশু এবং হাঁস-মুরগিকে বিভিন্ন রোগের থেকে রক্ষা করতে রাজ্যের পশুপালন বিভাগকে যাবতীয় নিরীক্ষণ ব্যবস্থা এবং প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করার জন্য রাজ্যের কৃষি ও পশুপালন মন্ত্রী অতুল বরা নির্দেশ দিয়েছেন । দিসপুরে আজ অনুষ্ঠিত

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের এক বৈঠকে সংশ্লিষ্ট বিভাগের উচ্চপদস্থ আধিকারিকদেরকে এই বিষয়ে তৎপরতার সঙ্গে ব্যবস্থা গ্রহণ করতে শ্রী বরা নির্দেশ দিয়েছেন । পশুপালন এবং দুগ্ধ ক্ষেত্রের গুরুত্ব বৃদ্ধির প্রতি লক্ষ্য রেখে এই ক্ষেত্র সমূহের উন্নয়ন এবং পশুপালক ও দুগ্ধপালকদের সবলীকরণের বিষয়টি সুনিশ্চিত করার জন্য প্রচেষ্টা অব্যাহত রয়েছে বলে মন্ত্রী শ্রী বরা প্রকাশ করেন । আজকের এই বৈঠকে কৃত্রিম প্রজননের পাশাপাশি বিভিন্ন প্রকল্প ও কর্মসূচীর বর্তমান স্থিতির বিষয়েও বিশদভাবে পর্যালোচনা করা হয় । কৃষকদের সুবিধার্থে কাজগুলি নির্দ্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করতে তিনি সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দিয়েছেন ।

---------------------------------------------------------------------------

কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের অধীন উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক জাতীয় শিক্ষক পুরষ্কার-২০২৪-এর জন্য মনোনয়ন জমা দেওয়ার শেষ তারিখ আগামী ২১শে জুলাই নির্ধারন করা হয়েছে । বিদ্যালয়ের শিক্ষক ও বিদ্যালয় প্রধানদের জন্য পোর্টালে স্ব-মনোনয়নের রেজিস্ট্রেশন আজ শেষ হচ্ছে । বিশদ তথ্য htto//nationalawardstoteachers.education.g ov.in ওয়েবসাইটে দেখা যাবে । উল্লেখ্য ন্যাশনেল টিচার্স অ্যাওয়ার্ড-এর উদ্দেশ্য হল দেশের সেরা শিক্ষকদের অবদানকে সম্মান জানানো যারা বিদ্যালয় শিক্ষার মানকে শুধুমাত্র উন্নত করেন নি বরং শিক্ষার্থীদের জীবনকেও সমৃদ্ধ করেছেন ।

---------------------------------------------------------------------------

এবছরের নীট-ইউ-জি প্রবেশ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস সংক্রান্ত মামলায় সি বি আই আজ এইমস্-পাটনার চারজন ছাত্রকে আটক করেছে । এইমস্-পাটনার কার্যবাহী সঞ্চালক ডঃ জি কে পল জানিয়েছেন যে- আটক ছাত্ররা এম বি বি এস পাঠ্যক্রমের দ্বিতীয় এবং তৃতীয় বর্ষের ছাত্র । তিনি আরো জানিয়েছেন যে- সি বি আই এদের গ্রেপ্তার করার বিষয়টি পূর্বেই জানিয়ে রেখেছিল । এছাড়া সি বি আই ধৃত ছাত্রদের ল্যাপটপ বাজেয়াপ্ত করে তাদের ঘরে তালা দিয়ে দিয়েছে । ধৃত ছাত্রদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------

রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু আজ দিসপুরে আসামের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান সমূহের অধ্যক্ষদের সঙ্গে ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে এক বৈঠকে মিলিত হয়েছেন । এই বৈঠকে পলিটেকনিক প্রতিষ্ঠান সমূহের পরিকাঠামো উন্নয়নের কাজকর্ম সম্পর্কে খোঁজখবর নেওয়া হয়েছে । চলতি অর্থবছরে এসব শিক্ষা প্রতিষ্ঠানের অতিরিক্ত শ্রেণীকক্ষ, স্মার্ট ক্লাসরুম, ছাত্রছাত্রীদের হোস্টেল ইত্যাদি পরিকাঠামো উন্নয়নের জন্যে নেওয়া পরিকল্পনা অনুসারে অধ্যক্ষদের সঙ্গে মন্ত্রী ডাঃ পেগু বিস্তারিত আলোচনা করেছেন ।

---------------------------------------------------------------------------

ষষ্ঠ অনুসূচিতভুক্ত এলাকায় স্ব-শাসিত পরিষদগুলিকে অর্থ বরাদ্দের ক্ষেত্রে রাজ্যসরকার পূর্বের নীতির পরিবর্তন করেছে ।এখন থেকে তিনটি স্ব-শাসিত পরিষদ পূর্বের ন্যায় বাজেট ধার্য অর্থ পাবে না । বি টি আর , কার্বি-আংলং স্ব-শাসিত পরিষদ এবং ডিমা হাসাও স্ব-শাসিত পরিষদের সংগ্রহ করা রাজস্বের ওপর ভিত্তি করে রাজ্য সরকার বাজেট ধার্য অর্থ বরাদ্দ করবে । বাজেটে মোট অর্থ বরাদ্দ করার ক্ষেত্রে রাজ্য সরকার কঠোর নীতি-নিয়ম আরোপ করেছে ।এই সিদ্ধান্ত গ্রহণ করে রাজ্যসরকার ষষ্ঠ অনুসূচীভূক্ত স্ব-শাসিত পরিষদগুলিকে নিজ নিজ রাজস্ব সংগ্রহে অধিক গুরুত্ব দেবার নির্দেশ দিয়েছে । এছাড়া রাজ্যসরকার স্ব-শাসিত পরিষদগুলিকে ব্যায় সংকোচনের নীতি কঠোরভাবে মেনে চলার নির্দেশ দিয়েছে । স্ব-শাসিত পরিষদগুলির সংগ্রহ করা রাজস্বের তথ্য অর্থ বিভাগকে দেবার জন্যও নির্দেশ বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------

আসামের গণবন্টন ও সরবরাহ বিভাগের মন্ত্রী রঞ্জিত কুমার দাস আজ দিসপুরে সারা আসাম ন্যায্যমূল্যের ব্যবসায়ী সংস্থার বিভিন্ন দাবি সম্পর্কে সংস্থার কর্মকর্তাদের সঙ্গে আলোচনায় মিলিত হন । ন্যায্যমূল্যের ব্যবসায়ী সংস্থার দাবিসমূহ শোনার পর মন্ত্রী শ্রী দাস ন্যায্যমূল্যের দোকানিরা ২০০৮ সাল থেকে ২০১৫ সাল পর্যন্ত তাদের প্রাপ্য অর্থ না পাওয়ার বিষয়টি সম্পর্কে তদন্তের নির্দেশ দিয়েছেন । উল্লেখ্য- ২০০৮ সাল থেকে ২০১৫ সাল পর্যন্ত অন্ন সুরক্ষা যোজনা প্রকল্পের আওতায় ন্যায্যমূল্যের ব্যবসায়ীদের পরিবহণ ব্যয় বাবদ ১১ কোটি ২৫ লক্ষ টাকাপ্রাপ্য রয়েছে । এদিকে ২০১০ সাল থেকে

২০১৫ সাল পর্যন্ত মুখ্যমন্ত্রী অন্ন সুরক্ষা যোজনায় ন্যায্যমূল্যের দোকানের মালিকদের সাত কোটি ২১ লক্ষ টাকা প্রাপ্য রয়েছে । ন্যায্যমূল্যের ব্যবসায়ীদের গত ফেব্রুয়ারি মাস থেকে তাদের প্রাপ্য কমিশনের অর্থ ১৮০ কোটি টাকা কেন্দ্রীয় সরকার দেওয়ার পর রাজ্য সরকার সেই অর্থ প্রদান করবে বলেও মন্ত্রী শ্রী দাস জানিয়েছেন । রাজ্যসরকারের তরফ থেকেও ন্যায্যমূল্যের ব্যবসায়ীদের ষাট কোটি টাকা মঞ্জুর করে দেওয়া হবে বলে তিনি উল্লেখ করেন । তিনি বলেন যে- শ্রী দাস বলেন যে- এই অর্থ তারা আগামী নভেম্বর মাসের মধ্যে প্রতি মাসের কমিশন হিসেবে জেলা আয়ুক্তের মাধ্যমে সরাসরি ব্যাংক অ্যাকাউন্টে পেয়ে যাবেন । মন্ত্রী আরো জানান যে- মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা দায়িত্ব গ্রহণ করার পর ২০২১ সালের ৩০শে জুন অনুষ্ঠিত রাজ্য মন্ত্রীসভার বৈঠকে ন্যায্যমূল্যের ব্যবসায়ীদের ২০১৯ সালের এপ্রিল মাস থেকে ১৪৩ টাকা করে দেওয়া হচ্ছে । আজকের বৈঠকে ন্যায্যমূল্যের ব্যবসায়ী সংস্থার কর্মকর্তাদের সঙ্গে বিভিন্ন জেলার ৩৫জন প্রতিনিধি উপস্থিত ছিলেন ।

-------------------------------------------------------------------------

আসাম বিধানসভার শরৎকালীন অধিবেশন আগামী ২২ আগস্ট থেকে অনুষ্ঠিত হবে । রাজ্যপাল গুলাবচান্দ কাটারিয়া আজ এক বিজ্ঞপ্তিতে একথা জানান । ওইদিন সকাল সাড়ে ৯ টায় অধিবেশনের কাজকর্ম আরম্ভ হবে ।

-------------------------------------------------------------------------

আসাম বিধানসভার বিভিন্ন বিভাগের আয়-ব্যয় সংক্রান্ত স্ট্যাডিং কমিটি আগামীকাল হাইলাকান্দি জেলা সফরে আসছে । বিধায়ক গোবিন্দ চন্দ্র বসুমাতারির নেতৃত্বাধীন নয় সদস্যের এই কমিটি জেলার বিভিন্ন স্থানে স্পট ভেরিফিকেশন করবে । এরপর সন্ধ্যা ছটায় প্রতিনিধি দলটি জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে জেলা প্রশাসনের শীর্ষ আধিকারীকদের নিয়ে বৈঠকে মিলিত হবেন । প্রতিনিধি দলে বিধায়ক খলিল উদ্দিন মজুমদার , জাকির হোসেন লস্কর , মুজিবুর রহমান , শিব মনি বরা , কমলাক্ষ্য দে পুরকায়স্থ , আমিনুল ইসলাম , লরেন্স ইসলারী এবং দূর্গাদাস বড়ো প্রমূখ রয়েছেন ।

এদিকে প্রতিনিধি দলটি আগামীকাল বিকেল চারটায় করিমগঞ্জ পৌছে মালুয়া জগন্নাথপুরে ক্ষেত্র পরিদর্শন করবেন । এরপর আগামীকাল বিকেল সাড়ে পাঁচটায় জেলা পরিষদ কার্য্যলয়ের সভাকক্ষে জেলা প্রশাসন ও বিভিন্ন বিভাগীয় প্রধানদের সঙ্গে পর্য্যালোচনা বৈঠকে অংশ গ্রহন করে প্রতিনিধি দল রাতেই শিলচর ফিরে আসবেন ।

--------------------------------------------------------------------------------

রাজ্যের জলসম্পদ তথ্য ও জনসংযোগ এবং সংসদীয় পরিক্রমা মন্ত্রী পীযূষ হাজারিকা একদিনের সফরসূচী নিয়ে আগামীকাল হাইলাকান্দি আসছেন। তিনি হাইলাকান্দি পৌঁছে আগামীকাল বিকেল সাড়ে তিনটে নাগাদ সাম্প্রতিক বন্যায় হাইলাকান্দি জেলার নদী ভাঙন স্থলগুলি পরিদর্শন করবেন। এরপর মন্ত্রী হাজারিকা করিমগঞ্জ চলে যাবেন।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় বন্যা ও ঝড়ের ক্ষয়ক্ষতি পর্য্যবেক্ষন করতে আগামীকাল কেন্দ্রীয় সরকারের এক প্রতিনিধি দল হাইলাকান্দি জেলা সফরে আসছেন । প্রতিনিধি দলটি ক্ষয়ক্ষতি সরজোমিনে পর্য্যবেক্ষন করে বেলা ১২টায় জেলা আয়ুক্তের সভাকক্ষে প্রশাসনের আধিকারীকদের সঙ্গে একটি বৈঠকে মিলিত হবেন ।

--------------------------------------------------------------------------------

রাজ্য সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রকের নির্দেশ অনুযায়ী করিমগঞ্জের জেলা আয়ুক্ত মৃদুল কুমার যাদব এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে কোন সরকারী চিকিৎসক সরকারী ডিউটির সময়ে বেসরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠান বা ফার্মাসিগুলোতে প্রাইভেট প্রেকটিস করতে পারবেন না । নির্দেশ অমান্য করলে ,এ ধরনের প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইন অনুযায়ী লাইসেন্স বাতিল করা সহ যথাযথ ব্যবস্থা গ্রহন করা হবে ।

--------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলার ভাঙ্গার নাজ হত্যাকারী সাজাপ্রাপ্ত সেলিমকে আজ করিমগঞ্জ কারাগার থেকে যোরহাট কেন্দ্রীয় কারাগারে নিয়ে যাওয়া হয়েছে । উল্লেখ্য করিমগঞ্জ কারাগারে ত্রাস সৃষ্টি করার অভিযোগে গতকাল কারাগার

মহা-পরিদর্শক এক নির্দেশে নাজ হত্যা মামলার সাজাপ্রাপ্ত সেলিমকে করিমগঞ্জ থেকে যোরহাটে স্থানান্তরের নির্দেশ জারী করেছেন ।

-----------------------------------------------------------------

আসাম রাজ্য গ্রামীন জীবিকা মিশনের উদ্যোগে নারী ও শিশুদের কল্যানে জেলায় চলতি মিশন শক্তি একশ দিবসীয় বিশেষ সচেতনতা কার্য্যসূচীর অধীনে গতকাল দক্ষিন করিমগঞ্জ উন্নয়ন খন্ডের অর্ন্তগত কানিশাইল গ্রাম পঞ্চায়েত কার্য্যলয় প্রাঙ্গনে জীবিকা সখীদের নিয়ে সচেতনতা কার্য্যসূচী অনুষ্ঠিত হয়েছে । এই কার্য্যসূচীতে সুকন্যা সমৃদ্ধি যোজনা , সখি ওয়ান স্টপ সেন্টার , সখি সদন , লিঙ্গ বৈষম্য প্রতিরোধ  কার্য্যসূচী নিয়ে আসাম রাজ্য গ্রামীন জীবিকা মিশনের করিমগঞ্জ জেলার ডি পি এম নিতু দাস , করিমগঞ্জ বার এসোসিয়েশনের আইনজীবি বিজন কুমার পাল , ব্লক সংযোজক রূপকথা চক্রবর্তী প্রমূখ আলোচনা  করেন ।

-----------------------------------------------------------------